

“শেখ হাসিনার বারতা,  
নারী -পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নং : ৩২.০১.১৮০৭.০০০.১৮.০০৬-২০২২-১১০

তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিঃ

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত।

সূত্র : মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৩২.০১.০০০০.০১২.০১২.৬৮.২০-১০১ তাং-২২/১২/২০২২ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছর সারা দেশে মা ও শিশু সহায়তা কর্মসূচি চালু হয়েছে। জন্মহার, দারিদ্রতা এবং পুষ্টিসূচকের উপর ভিত্তি করে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলায় ইউনিয়ন ওয়ারী ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা হয়েছে। প্রতিমাসে সংশ্লিষ্ট ইউনিয়নের গর্ভবতী মহিলা নিজে নির্ধারিত ৪০/টাকা ফি প্রদানের মাধ্যমে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অথবা উপজেলা তথ্য আপা/তথ্য সেবা সহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে।

আবেদনের যোগ্যতা/শর্ত :

- ১। আবেদন করার সময় আবেদনকারী ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন।
- ২। জাতীয় পরিচয় পত্র (এন.আই.ডি কার্ড) বাধ্যতামূলক থাকতে হবে।
- ৩। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক প্রদত্ত এ.এন.সি কার্ড (এন্টি নেস্টাল কেয়ার কার্ড) থাকতে হবে।
- ৪। নিজস্ব মোবাইল নম্বর, এজেন্ট/অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর সহ আবেদন করবেন।
- ৫। আবেদনকারীর বয়স অবশ্যই ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ৬। আবেদন কারীর প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।

উপরোক্ত শর্ত পূরণ সাপেক্ষে ২০২২-২৩ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নির্ধারিত সংযুক্ত বিভাজন অনুযায়ী জুলাই/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত সময়ের জন্য ভাতাভোগী নির্বাচন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ভাতাভোগী নির্বাচন করে ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যিকভাবে যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির সভার মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা মাসিক ভিত্তিতে রেজুলেশন সহ আগামী ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	২০২২-২০২৩ অর্থবছরের জন্য (প্রতি মাসে) নির্বাচনযোগ্য ভাতাভোগীর সংখ্যা	মন্তব্য	ক্রঃ নং	ইউনিয়নের নাম	২০২২-২০২৩ অর্থবছরের জন্য (প্রতি মাসে) নির্বাচনযোগ্য ভাতাভোগীর সংখ্যা	মন্তব্য
১	ভাংবাড়িয়া	১০ জন		৯	ডাউকী	০৭ জন	
২	হারদী	১১ জন		১০	জামজামী	০৭ জন	
৩	কুমারী	০৭ জন		১১	নাগদাহ	১২ জন	
৪	বাড়াদী	০৭ জন		১২	খাসকররা	০৯ জন	
৫	গাংনী	০৯ জন		১৩	কালিদাসপুর	০৯ জন	
৬	খাদিমপুর	০৭ জন		১৪	চিৎলা	০৮ জন	
৭	জেহালা	০৮ জন		১৫	আইলহাঁস	০৫ জন	
৮	বেলগাছি	০৫ জন					

সংযুক্ত : আবেদনপত্র ও নীতিমালা (আবেদনপত্রের প্রতিটি কলাম সঠিকভাবে পূরণ করতে হবে)

- বিঃ দ্রঃ প্রতিমাসে উপরোক্ত ভাতাভোগী নির্বাচন করে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অত্র অফিসে প্রেরণ করতে হবে। প্রতি মাসে এ সংক্রান্ত কোন চিঠি ইস্যু করা হবে না। প্রতি মাসে উক্ত সময়ের মধ্যে আবেদন ও তালিকা জমা দিতে ব্যর্থ হলে ঐ মাসের ভাতাভোগী হিসাবে বিবেচিত হবে না এবং এর জন্য সংশ্লিষ্ট অফিস দায়ী থাকবে না।



(মাকসুরা জান্নাত)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

চেয়ারম্যান/সচিব .....ইউপি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০৪। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
- ০৫। অফিস নথি।